The Bangladesh Times

তারিখ 1/9/79 পৃষ্ঠা 2 কলাম 7

C41

## একটি জুনিয়র বিদ্যালয়ের মঞ্জুরী প্রয়োজন

রংপুর জেলার কোতোয়ালী থানার ৫ নম্বর জগাধন ইউনিয়নের সাহেবগঞ্জ ও উহার পার্শ্ববর্তী গ্রামের জনসাধারণের প্রচেষ্টায় ১৯৭৭ সনের ১লা জানুয়ারী সাহেবগঞ্জ জুনিয়র হাইস্কুল প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টি রেজিষ্ট্রেশনের জন্য ঐ একই বৎসর ডিসেম্বর মাসে রাজশাহী বিভাগের জনশিক্ষা উপ-পরিচালকের অফিসে রেজিষ্ট্রেশন ফী ও দরখাস্ত জমা দেওয়া হয়। রংপুর জেলা প্রশাসক নিজে বিদ্যালয়টি পরিদর্শন করেন এবং উহার বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত হয়। নিজস্ব জায়গার উপর স্থাপিত বিদ্যালয়টি সুন্দরভাবে চলিতেছে। বর্তমানে ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত চালু আছে। ছাত্রসংখ্যা প্রায় ১ শত জন। শিক্ষক ও শিক্ষিকা আছেন ৫ জন। অথচ বিদ্যালয়টি সরকারী মঞ্জুরী না পাওয়ায় বিভিন্ন সমস্যার সম্মুখীন হইয়াছে।

এমতাবস্থায় এলাকার দরিদ্র জনসাধারণের সন্তান সন্ততীদের কথা বিবেচনা করিয়া বিদ্যালয়টিকে সরকারী মঞ্জুরী প্রদানের জন্য শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ আবুল ফজল,
অবসরপ্রাপ্ত অধ্যাপক, সাহেবগঞ্জ,
কোতোয়ালী, রংপুর।